

বাংলাদেশ বার কাউন্সিল কার্যালয়

শাহবাগ, ঢাকা-১০০০।

www.barcouncil.gov.bd

স্মারক নং-বিবিসি/রেজিঃ/২০১৭/জরুরী-২৬০৪১৭

তারিখঃ ২৬-০৪-২০১৭ইং

২ বছর মেয়াদী এলএল.বি (পাস) কোর্স সংক্রান্ত জরুরী নোটিশ

বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি জ্ঞাতব্যঃ

এতদ্বারা ইউজিসি অনুমোদিত সংশ্লিষ্ট সকল বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের (যাহারা ২ বছর মেয়াদী এলএল.বি (পাস কোর্স) শিক্ষাকার্যক্রম পরিচালনা করিয়াছেন) অবগতির জন্য জানানো যাইতেছে যে, অনলাইনে এই নোটিশ প্রকাশের ০৫(পাঁচ) দিনের মধ্যে অর্থাৎ ০১-০৫-২০১৭ইং তারিখ অপরাহ্ন ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে উত্তীর্ণ প্রার্থীগণের তথ্য প্রদত্ত ছক মোতাবেক তালিকা আকারে হার্ড-কপি ও সফট-কপি জমা প্রদানের জন্য বলা হইল। হার্ড-কপি সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, শাহবাগ, ঢাকা-১০০০ এবং সফট-কপি ই-মেইল (bangladeshbarcouncil.reg@gmail.com) বরাবর প্রেরণ করিতে হইবে। উল্লেখ্য, তালিকার সফট-কপি অবশ্যই হার্ড-কপির ছবছ/অনুরূপ হইতে হইবে। হার্ড-কপি স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও ল' ফ্যাকাল্টি ডীন কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

প্রার্থীদের সুবিধার্থে বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত ২ বছর মেয়াদী পাস কোর্স পরিচালনার শুরু হইতে ০৮-০২-২০১৭ইং তারিখের পূর্বে এলএল.বি (পাস) কোর্সে উত্তীর্ণ ডিগ্রীধারী প্রার্থীদের তালিকা বার কাউন্সিলে ফরম্যাট অনুযায়ী (নমুনা সংযুক্ত) যথাসময়ে নিভুলভাবে প্রেরণের জন্য বলা হইল। তালিকা 'ফরম্যাট' অনুযায়ী না হইলে বা কোনো প্রার্থীর নাম বাদ পড়িলে বা তথ্যগত যে কোনো প্রকার গরমিল হইলে বা এই নির্দেশনার কোন রকম ব্যত্যয় ঘটিলে সংশ্লিষ্ট প্রার্থীগণ বার কাউন্সিল হইতে রেজিস্ট্রেশন-কার্ড প্রাপ্ত হইবে না অর্থাৎ আসন্ন বার কাউন্সিল এনরোলমেন্ট পরীক্ষায় তাহাদের অংশগ্রহণ অনিশ্চিত হইয়া পড়িবে।

তাই শিক্ষার্থীদের স্বার্থে জরুরী ভিত্তিতে তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হইল।

বেসরকারী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত এলএল.বি (পাস) কোর্স উত্তীর্ণ প্রার্থীদের প্রতি জ্ঞাতব্যঃ

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/বার কাউন্সিল/এনরোলমেন্ট কমিটি কর্তৃক স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস হইতে উত্তীর্ণ এলএল.বি (পাস কোর্স) প্রার্থীগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, স্ব স্ব বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষার্থীদের তালিকা যথাযথভাবে প্রাপ্তি সাপেক্ষে তাহা পর্যবেক্ষণ করিয়া ধারাবাহিকভাবে রেজিস্ট্রেশন কার্ড প্রদান করা হইবে। এই বিষয়ে শিক্ষার্থীদের শঙ্কিত না হওয়ার জন্য বলা হইল। ধারাবাহিকভাবে বিশ্ববিদ্যালয়ের নাম বার কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হইবে।

স্বাঃ/-

মোহাম্মদ আনিসুর রহমান

সচিব

(জেলা ও দায়রা জজ)

বাংলাদেশ বার কাউন্সিল।

- তালিকা অবশ্যই নিভুলভাবে প্রেরণ করিতে হইবে। সংশোধিত কোন তালিকা গ্রহণযোগ্য হইবে না।
- তালিকার নমুনা 'ফরম্যাট'-টি অপর পৃষ্ঠায় সংযুক্ত করা হইল। তালিকার সফট-কপি অবশ্যই এক্সেল ফরম্যাট অনুযায়ী প্রেরণ করিতে হইবে।

‘নমুনা ছক’ (Sample Format of Graduate List)

South Duke University

Graduated on: **Fall-2015**

Sl. No.	Candidate's Name	Father's Name	Mother's Name	University ID	Admission Session	Passing Year	Title (Pass)	Result/GPA	Remarks
1	Afsana Hossain	Md. Delwar Hossain	Parvin Akhter	110350160	Fall 2011	Fall 2013	2 Years	3.25	
2	B. M. Arman Khan	Mohammad Ali Khan	Jahanara Begum	110350161	Fall 2011	Fall 2013	2 Years	3.15	
3	Md. Polash Mia	Abdul Motin	Noorjahan	110350169	Fall 2011	Fall 2013	2 Years	3.25	
4	Md. Kamal Uddin	Md. Abul Hashem	Shefali Begum	110150163	Fall 2011	Fall 2013	2 Years	3.05	
5	Bipul Rozario	Stephen Rozario	Kalpana Rozario	110150170	Fall 2011	Fall 2013	2 Years	2.85	
6	Animesh Roy	Nikhilesh Roy	Shati Roy	110150172	Fall 2011	Fall 2013	2 Years	3.15	
7	Hafiz Uddin	Rahim Uddin	Rehana Begum	110150178	Fall 2011	Fall 2013	2 Years	3.25	
8	Totini Chakma	Mrinal Chakma	Kamini Chakma	100150168	Summer 2010	Fall 2013	2 Years	3.15	
9	Zamal Uddin	Abul Kashem	Rina Begum	100350165	Fall 2010	Fall 2013	2 Years	3.25	
10	Farzana Sharif	Shehzad Sharif	Amena Sharif	110150162	Spring 2011	Fall 2013	2 Years	3.25	

.....

(Signature with Seal)

Registrar

South Duke University

.....

(Signature with Seal)

Dean, Faculty of Law

South Duke University

সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বর্ণিত ছক মোতাবেক গ্রাজুয়েটদের তালিকা তৈরী করিয়া প্রেরণ করিতে হইবেঃ-
 [সফট কপি- এক্সেল ফরমেট অনুযায়ী (bangladeshbarcouncil.reg@gmail.com) প্রেরণ করিতে হইবে]
 [হার্ড কপি- সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, শাহবাগ, ঢাকা-১০০০ বরাবর প্রেরণ করিতে হইবে]